

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ১৬ অক্টোবর, ২০২৩ খ্রি.


প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১৬/১০/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ রোজ সোমবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মো: আক্তারুজ্জামান এর নেতৃত্বে "Holiday Inn Hotel" তেজগাঁও, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে প্রতিষ্ঠানটি তাদের ট্রেড লাইসেন্স, ফায়ার লাইসেন্স, প্রিমিসেস লাইসেন্স, কর্মচারীদের স্বাস্থ্য সনদ, পানি পরীক্ষার সনদসহ অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্টস প্রদর্শনে সক্ষম হন। প্রতিষ্ঠানটির রান্নাঘরের সার্বিক পরিবেশ এবং ফ্রিজিং সিস্টেম সন্তোষজনক অবস্থায় পাওয়া যায়।

তবে ব্রেড কাটার মেশিন বেসিনের পাশে থাকায় তাদের সতর্ক করা হয় এবং স্বাস্থ্যসম্মত স্থানে রাখার নির্দেশ প্রদান করা হয়। এছাড়া প্রতিষ্ঠানটির রান্নাঘরে নিরাপদ খাদ্য আইন বিরোধী কোন কার্যক্রম পরিলক্ষিত হয় নি।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য পরিদর্শক জনাব মো: আসলাম ভূইয়া ও বাংলাদেশ নিরাপদ খাদ্যের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি টৌকস টিম উপস্থিত ছিলেন।



(মোঃ আখতার মামুন)

অতিরিক্ত পরিচালক

প্রয়োগ অনুবিভাগ

ই-মেইল: adddirector.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ০২-২২২২২২৩৬০১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।